

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.১০.০২৪.১৭- ৪৮

তারিখঃ ১৪.০২.২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর আদেশের আলোকে কাঁঠালবাড়ী নূরুল্লাহ ফাজিল(ডিগ্রী)মাদরাসা কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর উপাধ্যক্ষ জনাব মোঃ মেহের আলীকে তাঁর স্বপদে (উপাধ্যক্ষ) যোগদান পত্র গ্রহণ ক্রমে দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্রঃ (১) উপাধ্যক্ষ জনাব মোঃ মেহের আলীর ৩০-০১-২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৭.০০৫.১৬(অভিযোগ)-৩৯১, তারিখঃ ২২-১১-২০১৭ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম সদর উপজেলাধীন কাঁঠালবাড়ী নূরুল্লাহ ফাজিল(ডিগ্রী)মাদরাসার উপাধ্যক্ষ জনাব মোঃ মেহের আলী কর্তৃক দাখিলকৃত আবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, তিনি(উপাধ্যক্ষ) উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডি কর্তৃক বিগত ১৬-০৮-২০০৯ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত হন।

০২। সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে সাময়িক বরখাস্তকৃত উপাধ্যক্ষ জনাব মোঃ মেহের আলীকে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ মামলার রায়ের আলোকে কাঁঠালবাড়ী নূরুল্লাহ ফাজিল(ডিগ্রী)মাদরাসায় তাঁর স্বপদে (উপাধ্যক্ষ) যোগদান পূর্বক পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়েছিল।

০৩। সূত্রে বর্ণিত ০২ নং স্মারকে বর্ণিত নির্দেশনা অনুযায়ী মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক জনাব মোঃ মেহের আলীকে নভেম্বর/২০১৭ মাস হতে পূর্ণাঙ্গ বেতন ভাতাদি (এমপিও)প্রদান করা হলেও তাঁর যোগদান পত্র গ্রহণ ক্রমে তাঁকে ( মোঃ মেহের আলী) তাঁর পদের (উপাধ্যক্ষ) দায়িত্ব পালন করতে দেয়া হচ্ছে না মর্মে সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে জানা যায়।

০৪। সাময়িক বরখাস্তকৃত উপাধ্যক্ষ জনাব মোঃ মেহের আলী কর্তৃক উপস্থাপিত যোগদান পত্র বর্ণিত মাদরাসার কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ না করে তাঁকে তাঁর পদের (উপাধ্যক্ষ) দায়িত্ব পালন করতে না দেয়া সরকারি আদেশের সুস্পষ্ট লংঘন।

০৫। এমতাবস্থায় উপরিউক্ত বর্ণনা মতে, সাময়িক বরখাস্তকৃত উপাধ্যক্ষ জনাব মোঃ মেহের আলীর যোগদান পত্র গ্রহণ পূর্বক তাঁকে তাঁর পদের (উপাধ্যক্ষ) দায়িত্ব পালন নিশ্চিত করে অত্র অধিদপ্তরকে আগামী ২৫-০২-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে জানানোর নিমিত্ত অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা গৃহীত হবে।

  
১৪/২/২০১৮

(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কাঁঠালবাড়ী নূরুল্লাহ ফাজিল(ডিগ্রী)মাদরাসা,  
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সভাপতি, গভর্নিং বডি, কাঁঠালবাড়ী নূরুল্লাহ ফাজিল(ডিগ্রী)মাদরাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি।